

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ঔষধ প্রশাসন অধিদপ্তর
মহাখালী-১২১২, ঢাকা।
www.dgda.gov.bd

নং- ডিজিডিএ/প্রশা/৪০-১/০৮/ ৯৪২৫

তারিখ ০৯/০৬/ ২০১৬

-ঃ অফিস আদেশ ঃ-

পর্যবেক্ষনে দেখা যাচ্ছে যে, বিভিন্ন ঔষধ বিক্রয় কেন্দ্রে মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বানিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য বা উহা ব্যবহারের সরঞ্জামাদি প্রদর্শন করছে। “মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বানিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য বা উহা ব্যবহারের সরঞ্জামাদি (বিপণন নিয়ন্ত্রণ আইন”- প্রণয়ন হয়েছে (সংযুক্তি- ১)। উক্ত আইনের ধারা ৪ এর উপধারা ২এর ঙ্গ অনুযায়ী কোন ব্যক্তি মাতৃদুগ্ধ বিকল্প শিশু খাদ্য, বানিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি আমদানি, স্থানীয়ভাবে উৎপাদন, বিপণন, বিক্রয় বা বিতরণের উদ্দেশ্যে কোন বিজ্ঞাপন মুদ্রণ, প্রদর্শন, প্রচার বা প্রকাশ করার উদ্দেশ্যে কোন স্বাস্থ্য সেবা কেন্দ্র বা ঔষধ বিক্রয় কেন্দ্র ব্যবহার করতে পারবে না।

উল্লিখিত আইনের প্রতি শঙ্কানীল থেকে ফার্মেসীতে যাতে মাতৃদুগ্ধ বিকল্প শিশু খাদ্য, বানিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি আমদানি, স্থানীয়ভাবে উৎপাদন, বিপণন, বিক্রয় বা বিতরণের উদ্দেশ্যে কোন বিজ্ঞাপন মুদ্রণ, প্রদর্শন, প্রচার বা প্রকাশ করার উদ্দেশ্যে কোন স্বাস্থ্য সেবা কেন্দ্র বা ঔষধ বিক্রয় কেন্দ্র ব্যবহার করতে না পারে, সে বিষয়ে তদারকী ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হল।

সংযুক্তিঃ ০১ (এক) পাতা।

মেজর জেনারেল মোঃ মোস্তাফিজুর রহমান
মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর
ফোনঃ ৯৮৮০৮০৩
dgda.gov@gmail.com

নং- ডিজিডিএ/প্রশা/৪০-১/০৮/ ৯৪২৫

তারিখ -----২০১৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল ঃ

- ১। যুগ্ম সচিব, জনস্বাস্থ্য, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জনাব/বেগম নীলম হোসেন পরিচালক/ পরিচালক (চঃদাঃ)/
উপপরিচালক/সহকারী পরিচালক/সহকারী লাইসেন্সিং অফিসার/ ঔষধ তত্ত্বাবধায়ক, অত্র অধিদপ্তর।
- ২। মোঃ শাফিকুল ইসলাম, সহকারী পরিচালক, প্রশাসন শাখা, অত্র অধিদপ্তর।
- ৩। বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন, আইপিএইচ, রুম নং-১৯৭-২০০ (নীচতলা), মহাখালী, ঢাকা।
- ৪। বাংলাদেশ কমিস্ট এন্ড ড্রাগিস্ট সমিতি।

মহাপরিচালক
ঔষধ প্রশাসন অধিদপ্তর।



বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন

BANGLADESH BREASTFEEDING FOUNDATION

বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন

Protection, Promotion and Support of Breastfeeding

স্মারক নংঃ ৭১৬৬/বিবিএফ/এডমিন/১৬

মহাপরিচালক

ঔষধ প্রশাসন

মহাখালী, ঢাকা-১২১২

বিষয়ঃ মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি (বিপণন নিয়ন্ত্রণ) আইন-২০১৩ লংঘন প্রসঙ্গে

জনাব,

আপনি অবগত আছেন যে, “মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি (বিপণন নিয়ন্ত্রণ) আইন” প্রণয়ন হয়েছে (সংযুক্তি ১)। উক্ত আইনের ধারা ৪ এর উপধারা ২ এর ঈ অনুযায়ী কোন ব্যক্তি মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদির আমদানি, স্থানীয়ভাবে উৎপাদন, বিপণন, বিক্রয় বা বিতরণের উদ্দেশ্যে কোন বিজ্ঞাপন মুদ্রণ, প্রদর্শন, প্রচার বা প্রকাশ করিবার উদ্দেশ্যে কোন স্বাস্থ্য সেবা কেন্দ্র বা ঔষধ বিক্রয় কেন্দ্র ব্যবহার করতে পারবে না।

পূর্ববর্ণিত দেখা যায় বিভিন্ন ঔষধ বিক্রয় কেন্দ্রে মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য বা উহা ব্যবহারের সরঞ্জামাদি প্রদর্শন করছে। নমুনা কয়েকটি ঔষধ বিক্রয় কেন্দ্রের চিত্র দেওয়া হল (সংযুক্তি ২)।

উক্ত পরিস্থিতিতে সকল ঔষধ বিক্রয় কেন্দ্রে যাতে উক্ত আইন মেনে বিক্রয় করে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে বিশেষ অনুরোধ জানাই।

আপনার একান্ত বিশ্বস্ত,

ড. এম. কে. রায়

এমবিবিএস, এমএসসি পুষ্টি (লন্ডন), ডিপ- ইন-বায়োটেক (ইউএনইউ),

পিএইচডি (লন্ডন), এফআরসিপি (এডিনবরা)

চেয়ারপারসন, বোর্ড অব ট্রাষ্টিজ

বাংলাদেশ ব্রেস্টফিডিং ফাউন্ডেশন

ই-মেইল: skroy1950@gmail.com

ফোন: +৮৮-০১৯৪৩২২০৫৮৭

সংযুক্তি:

১. মাতৃদুগ্ধ বিকল্প, শিশু খাদ্য, বাণিজ্যিকভাবে প্রস্তুতকৃত শিশুর বাড়তি খাদ্য ও উহা ব্যবহারের সরঞ্জামাদি (বিপণন নিয়ন্ত্রণ) আইন-২০১৩ এর অনুলিপি।

২. নমুনা কয়েকটি ঔষধ বিক্রয় কেন্দ্রের চিত্র

ঔষধ প্রশাসন অধিদপ্তর, ঢাকা
মহাপরিচালক
তারিখ: ১৯.০৫.১৬
পরিচালক
উপ-পরিচালক
মুহুর্তী পরিচালক
এস.ও.
ঔষধ তত্ত্বাবধায়ক
মুদ্রিত (বিপণন নিয়ন্ত্রণ)
এ.জ.
ডায়েরী নং-
তারিখ-